দৈনিক
জনকণ্ঠ

তারিখ 3 JAN
পৃষ্ঠা ... কলাম ...

# রাবিতে ফের শিক্ষকের বিরুদ্ধে লিফলেট ॥ প্রশাসনে তোলপাড়

রাবি সংবাদদাতা ॥ আবারও রাজশাহী বিশ্ববিদ্যালয়ে এক প্রভাবশালী শিক্ষকের বিরুদ্ধে প্রচারিত একটি লিফলেট নিয়ে বিশ্ববিদ্যালয় প্রশাসনে এখন তোলপাড় চলছে। গত এক সপ্তাহ আগে ক্যাম্পাসে শিক্ষক, কর্মকর্তা ও ছাত্রছাত্রীদের মাঝে লিফলেট বিলি করায় প্রশাসনের শীর্ষ কর্মকর্তারা আতঙ্কে রয়েছেন। তাদের ধারণা পরবর্তীতে অন্য কোন শিক্ষক-কর্মকর্তা বা প্রশাসনের কর্তা-ব্যক্তির নামে পরস্পরবিরোধী লিফলেট প্রচারিত হতে পারে। খবর সংশ্লিষ্ট নির্ভরযোগ্য সূত্রের।

## রাজনৈতিকভাবে ঘায়েল করার পাঁয়তারা

সূত্র মতে, গত এক সপ্তাহ আগে সমাজবিজ্ঞান বিভাগের বিএনপিপন্থী প্রভাবশালী শিক্ষক প্রফেসর আব্দুর রহমান সিদ্দিকীর বিরুদ্ধে লিফলেট ছাড়া হয়। লিফলেটে প্রফেসর সিদ্দিকীর বিশ্ববিদ্যালয় অর্ডিন্যান্স বিরোধী কার্যক্রম তথা বিদেশী রাষ্ট্রের সঙ্গে অবাধ সংশ্লিষ্টতা ও অর্থ গ্রহণের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের দাবি করা হয়। লিফলেটে গত রমজান মাসে রাজশাহীতে ইরান দূতাবাসের সহযোগিতায় কোরান শরীফ প্রদর্শন ও ইসলাম ধর্মকে ঢাল হিসাবে ব্যবহার করে ওই শিক্ষকের বিরুদ্ধে দূতাবাসের কাছ থেকে আর্থিক সহযোগিতা নিয়ে দু'বার ইরান ভ্রমণের সুযোগ আদায় করার অভিযোগ করা হয়। বিশ্ববিদ্যালয়ের সমাজবিজ্ঞান বিভাগ ও ফার্সী বিভাগের ছাত্রছাত্রীদের পক্ষ থেকে উপাচার্য বরাবরে পাঠানো লিফলেটটি নিয়ে উপাচার্য, উপ-উপাচার্য, প্রক্টরিয়াল বডি একাধিকবার বৈঠক করেছেন। বিশ্ববিদ্যালয় প্রশাসনের একটি দায়িত্বশীল সূত্রে জানা গেছে, গত নবেম্বর মাসে বর্তমান উপাচার্য, উপ-উপাচার্য ও ছাত্র উপদেষ্টাকে জামায়াত ও আওয়ামী লীগপন্থী চিহ্নিত করে একটি লিফলেট প্রচার করা হয়েছিল। ওই লিফলেট প্রচারে যেসব শিক্ষক-কর্মচারী জড়িত ছিল তাদেরকে রাজনৈতিকভাবে ঘায়েল করার জন্য এ কাজ করা হয়েছে। এদিকে প্রচারিত লিফলেটে অভিযুক্ত প্রফেসর আব্দুর রহমান সিদ্দিকীর সঙ্গে টেলিফোনে যোগাযোগ করা হলে তিনি জনকণ্ঠকে বলেন, "যেসব ব্যক্তি এ কাজ করেছে তারা কাপুরুষ। তারা ছদ্মবেশে ক্যাম্পাসে এসব করে বেড়াচ্ছে। আমার বিরুদ্ধে যদি কোন অভিযোগ থাকে তাহলে প্রকাশ্যে বলুক।" লিফলেটে অভিযোগের ব্যাপারে প্রশ্ন করা হলে তিনি জানান, "ধর্মের নামে যারা দু' পয়সা রোজগার করত তাদের সেই পথ বন্ধ হয়ে গেছে বলে তারা এ কাজ করেছে।" উল্লেখ্য, গত নবেম্বর মাসেও উপাচার্য, উপ-উপাচার্য ও ছাত্র উপদেষ্টাকে প্রশাসনিক বিভিন্ন সুবিধা আদায়ের অভিযোগ করে অনুরূপ একটি লিফলেট ক্যাম্পাসে প্রচার করা হয়।